

বিভাগীয় মাসিক সভার কার্যবিবরণী

স্থান : উপপরিচালকের কার্যালয়, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।

তারিখ : ১১/০৩/২০২৪ খ্রি.

সময় : সকাল ১০.০০ টা

উপস্থিতি : হাজিরা খাতায় সংরক্ষিত।

সভাপতি : মোঃ সিরাজুল ইসলাম, উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং জেলা প্রশিক্ষণ অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। জেলা প্রশিক্ষণ অফিসার গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন অসঙ্গতি না থাকায় কার্যবিবরণী অনুমোদন করা হয়। সভায় আলোচিত এজেন্ডা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
১	রবি/২০২৩-২৪ বছরে বিভিন্ন ফসলের আবাদ অগ্রগতি	অতিরিক্ত উপপরিচালক (শস্য) সভায় জানান যে, রবি/২৩-২৪ মৌসুমে ভুট্টা, বোরো, চিনাবাদাম ছাড়া অন্যান্য রবি মৌসুমের ফসলের আবাদ চূড়ান্ত হয়েছে। উল্লেখিত ফসলসমূহ মার্চ মাসের ১৪/০৩/২০২৪ নাগাদ চূড়ান্ত হবে বলে কৃষি অফিসারগণ মতামত দেন। উপপরিচালক মহোদয় রবি পরিকল্পনা, মাঠের বাস্তবতা ও কর্মকৌশল নির্ধারণপূর্বক ফসলের আবাদ চূড়ান্ত করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। বোরো আবাদের ক্ষেত্রে সারিতে রোপণ, সুষম সার ও পাচিং বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন। আলু ও সরিষার জাতভিত্তিক শস্য কর্তন সিডিউল প্রস্তুতপূর্বক নমুনা শস্য কর্তন ও কৃষক সাক্ষাৎকারের আলোকে বাস্তবতার নিরিখে ফলন নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করেন।	১। রবি/২৩-২৪ মৌসুমে কৃষক যেন নির্বিঘ্নে ফসল ঘরে তুলতে পারে সে জন্য নিয়মিত মাঠ মনিটরিং ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। বোরো ফসলে দৃশ্যমান পাচির্চ, লাইন ও লোগো নিশ্চিত করতে হবে। ৩। প্রত্যেক এসএএও আলু ও সরিষা ফসলের নমুনা শস্য কর্তন করবেন। নমুনা শস্য কর্তন ও কৃষকের সাক্ষাৎকারের ভিত্তিতে ফলন নির্ধারণ করতে হবে।	উপজেলা কৃষি অফিস (সকল)
২	বিভিন্ন প্রকল্প/রাজস্ব খাত/সমলয়/প্রণোদনার আওতায় প্রদর্শনী ও মাঠ দিবসের বাস্তবায়ন অগ্রগতি	বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রকল্পের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে প্রদর্শনী ও মাঠ দিবস সমূহ বাস্তবায়ন করতে হবে। সমলয় প্রদর্শনী ও প্রণোদনা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য উপপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি সমলয় কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে সকল কার্যক্রমের সিডিউল অত্র দপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। আউশের প্রণোদনা কর্মসূচি কম্প্যাক্ট আকারে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া প্রণোদনা কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে মাস্টার রোলার ১ কপি অত্র অফিসে প্রেরণ করার জন্য সভায় আলোচনা হয়।	১। প্রদর্শনী যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। ৩। প্রণোদনা কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে অত্র অফিসে মাস্টাররোল প্রেরণের সিদ্ধান্ত হয়। ৪। সমলয়ের সকল কার্যক্রমের সিডিউল প্রেরণ করতে হবে। ৫। প্রত্যেক উপজেলায় প্রতিটি ব্লকে কম্প্যাক্ট আকারে আউশের প্রণোদনা বাস্তবায়ন করতে হবে।	উপজেলা কৃষি অফিস (সকল)
৩	ফসলের রোগ পোকা পরিস্থিতি, ও উদ্ভিদ সংরক্ষণ বিষয়ক কার্যক্রম	অতিরিক্ত উপপরিচালক (পিপি) মাঠে দণ্ডায়মান বিভিন্ন ফসলের রোগ বালাই পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট সকলের মাঠ মনিটরিং জোরদার করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। বালাইনাশক লাইসেন্স নিয়মিত হালনাগাদসহ, দোকান মনিটরিং এর বিষয়ে আলোচনা হয়। জৈব বালাইনাশক মজুদের জন্য ডিলারগণকে উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা হয়। ভেজাল বিরোধী অভিযান নিয়ে সভায় আলোচনা হয়।	১। বালাইনাশক ডিলারের লাইসেন্স হালনাগাদ, সাইনবোর্ডসহ অন্যান্য নিয়মমাফিক বিষয়াবলীর মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত হয়। ২। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩ মাস আগে আবেদন করতে হবে। ৪। ভেজাল রোধে বালাইনাশকের নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভেজাল প্রমাণিত বালাইনাশকের মজুদ ও বিপণনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫। জৈব বালাইনাশক মজুদের বিষয়ে ডিলারগণকে উৎসাহিত করতে হবে।	উপজেলা কৃষি অফিস (সকল)
৪	রাসায়নিক সার মজুদ, সরবরাহ পরিস্থিতি ও মনিটরিং	বিভিন্ন রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি নিয়ে সভায় আলোচনা করা হয়। নিয়মিত সরেজমিনে বরাদ্দ ও আগমনীবার্তা অনুযায়ী সারের মজুদ যাচাইপূর্বক বিক্রয়ের অনুমতি প্রদানের জন্য বলা হয়।	১। সার মনিটরিং জোরদার করতে হবে। ২। ভেজাল প্রমাণিত সারের মজুদ ও বিপণনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা কৃষি অফিস (সকল)